

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 26-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১৩৩তম পর্বা এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

NITI Aayog Vice Chairperson :

কেন্দ্রীয় সরকার NITI আয়োগ পুনর্গঠন করেছে। অর্থনীতিবিদ অশোক কুমার লাহিড়ী আয়োগের উপাধ্যক্ষ পদে নিয়োজিত হয়েছেন। তিনি বর্তমান উপাধ্যক্ষ সুমন কে. বেরির স্থলাভিষিক্ত হয়েছেন। অশোক কুমার লাহিড়ীর সঙ্গে সরকার

রাজীব গাবা, অধ্যাপক কে. ভি. রাজু, অধ্যাপক গোবর্ধন দাস, ডঃ এম. শ্রীনিবাস এবং অধ্যাপক অভয় করনডিকারকে NITI আয়োগের পূর্ণ-সময়ের সদস্য হিসেবে নিয়োগ করেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে, NITI আয়োগ ভারতের নীতি-নির্ধারণের কাঠামোর একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে উদ্ভূত হয়েছে, যা সহযোগী যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। সংস্কারের অগ্রগতি ঘটাচ্ছে এবং মানুষের জীবনযাত্রা সহজ করছে।

এদিকে, নিতি আয়োগের নবনিযুক্ত উপ-চেয়ারম্যান অশোক কুমার লাহিড়ী গতকাল নয়াদিল্লিতে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন।

Petroleum products and LPG :

সরকার দেশের সর্বত্র পেট্রোলিয়াম পণ্য এবং এল.পি.জি.-র নিরবচ্ছিন্নভাবে সরবরাহ নিশ্চিত করার জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে যে ঘরোয়া পরিবারের জন্য এল পি জি সরবরাহে অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং কোনো এলপিজি ডিস্ট্রিবিউটরশিপে শূন্যতার খবর পাওয়া যায়নি। দেশের সর্বত্র অনলাইনে এলপিজি সিলিন্ডার বুকিং প্রায় ৯৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে, এবং ওটিপি-ভিত্তিক ডেলিভারি ৯৪.৫ শতাংশেরও বেশি বৃদ্ধি পেয়েছে। এছাড়া, প্রায় ছয় লক্ষ গ্রাহক নতুন পিএনজি সংযোগ জন্য নিবন্ধিত হয়েছে। সমস্ত রিফাইনারি উচ্চ ক্ষমতায় পরিচালিত হচ্ছে এবং যথেষ্ট পরিমাণে পেট্রোল এবং ডিজেলের মজুদ রাখা হচ্ছে বলে জানানো হয়।

Secretary-Doner-1 :

উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রক ডোনারের সচিব সঞ্জয় জাজু গতকাল বিকালে কৈলাশহরে অবস্থিত প্রহ্ল ও পর্যটনক্ষেত্র উনকোটি পরিদর্শন করেন। পাহাড়ের গায়ে খোদিত অপূর্ব স্থাপত্য ও ভাস্কর্য ঘুরে দেখেন। উনকোটির গৌরবগাঁথা, প্রহ্ল ইতিহাস, কিংবদন্তি সম্পর্কে অবহিত হন। পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন, তাঁর সহধর্মিনী জ্যোতি জাজু, পূর্বোত্তর উন্নয়ন বিভাগের অধিকর্তা বিবেক গোয়েল, রাজ্য সরকারের পরিকল্পনা দপ্তরের সচিব এল. টি. ডারলং, উনকোটি জেলার জেলাশাসক ডক্টর তমাল মজুমদার প্রমুখ।

উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু গতকালই উত্তর জেলার ধর্মনগরের ফুলবারুই-তে আগর চাষের গ্রাম পরিদর্শন করেছেন। তিনি আগরচাষীদের সঙ্গে মত বিনিময় করেন।

Maitri Utsab & Baisakhi Mela :

ঋষ্মুখ পঞ্চায়েত সমিতি ও সীমান্ত রক্ষী বাহিনীর যৌথ উদ্যোগে গতকাল থেকে বিলোনিয়া মহকুমার আমজাদনগর হাইস্কুল মাঠে শুরু হয়েছে দুইদিনের জন সীমা মৈত্রী উৎসব ও বৈশাখী মেলা। উৎসবের সূচনা করেন সীমান্ত রক্ষী বাহিনীর ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি আলোক কুমার চক্রবর্তী। দক্ষিণ জেলার জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি, বিএসএফের গকুলনগর সেক্টরের ডিআইজি রাজকুমার প্রমুখ উপস্থিত ছিলেন। উৎসবে বিএসএফের তরফে অস্ত্রশস্ত্র প্রদর্শনী ও কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীতে ভর্তির বিষয় সম্পর্কে উৎসাহীদের

অবহিত করা হয়। এছাড়াও বিভিন্ন সরকারী দপ্তরের প্রদর্শনী মন্ডপ ও স্ব-সহায়ক দলের সদস্যরা তাদের উৎপাদিত পণ্যের পসরা ও খাবারের দোকান খুলেছেন উৎসবে।

North East Cricket :

উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতায় ত্রিপুরা ফাইনালে উঠেছে। গতকাল গুয়াহাটীর জর্জ মাঠে অনুষ্ঠিত সেমিফাইনালে রাজ্যদল ৬৫ রানে মনিপুরকে হারিয়ে দেয়। আগামীকাল ফাইনালে ত্রিপুরা খেলবে আসামের বিরুদ্ধে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। রাজ্যের উত্তর জেলা, উনকোটি, ধলাই জেলা ও খোয়াই জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ বৃষ্টি সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বা দমকা হাওয়া বয়ে যেতে পারে। পশ্চিম, সিপাহী জেলা, গোমতী ও দক্ষিণ জেলায় গরমের তীব্রতা থাকবে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৬ ডিগ্রির কাছাকাছি।
